দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ভর্তি

## বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ২০০১-২০০২ শিক্ষাবর্ষে বাংলাদেশী স্থায়ী ছাত্র-ছাত্রীদের ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৫টি অনুষদের মাধ্যমে ভর্তি পরীক্ষায় সর্ব উচ্চ নম্বরের ভিত্তিতে, পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার উপজাতীয় প্রার্থীদের জন্য ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহে ৩টি এবং স্থাপত্য বিভাগে ১টিসহ সর্বমোট ৮১০টি সিটে ভর্তি করা হবে।

**শিক্ষাগত যোগ্যতা :** প্রকৌশল, পুরকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে দেশের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা বা দাখিল অথবা সমমান পরীক্ষায় কমপক্ষে ৫০% নম্বর পেয়ে পাস অথবা বিদেশের শিক্ষা বোর্ড থেকে সমতুল্য গ্রেডে পাস করতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়নে গড়ে অন্তত ৬০% এবং আলাদাভাবে ৫০% নম্বর পেয়ে পাস করতে হবে। উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন বিষয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে প্রথম ৪ হাজার ৫শ' জনকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

**প্রয়োজনীয় কাগজপত্র :** সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও মার্কশীট, সদ্য তোলা ৪ কপি পাসপোর্ট সাইজ ছবি। উপজাতীয় প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয় হবার প্রমাণপত্র বা স্থানীয় পৌরসভা অথবা জেলা পরিষদ বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং উপজাতীয় মোড়লের সার্টিফিকেট প্রদান করতে হবে।

**আবেদনপত্র সংগ্রহ ও জমা :** ১৬ অক্টোবর থেকে ৮ নভেম্বর ২০০১ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস থেকে সরাসরি অথবা বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট (ঢাকা শহরের সোনালী ব্যাংকসমূহের যে কোন শাখায়)-এর মাধ্যমে নির্ধারিত ফি প্রদান করে নিজ ঠিকানা সম্বলিত পরীক্ষার গ্রুপ উল্লেখ করে দশ টাকা দামের ডাক টিকিটসহ ২৫৫ x ১১৫ মিলিমিটার (১০ x ৪অভ(১.২) ইঞ্চি) সাইজের খাম পাঠালে আবেদন ফর্ম ডাকযোগে সংগ্রহ ও জমা দেয়া যাবে।

**নির্ধারিত ফিস :** গ্রুপ 'ক' ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ ২৫০ টাকা। গ্রুপ 'খ' স্থাপত্য বিভাগ ২৫০ টাকা, গ্রুপ 'ক ও খ' সকল বিভাগ ৩৫০ টাকা।

**পরীক্ষা :** ৩০ ডিসেম্বর ২০০১ সকাল ৯টায় অনুষ্ঠিত হবে।

**ফলাফল :** ১৩ ডিসেম্বর। বিস্তারিত জানার জন্য বিশ্ববিদ্যালয়ের রেজিস্টারের সাথে যোগাযোগ করতে পারেন।